

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৩৭৮

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০

০১ নভেম্বর ২০২৩

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-১১২৯৭/২০২৩ ৬৩৩৪/২০২৩, ৮০৪৫/২০২৩, ১০৮৫৬/২০২৩, ৯৬২০/২০২৩ এবং ৮০৭৯/২০২৩) পরিচালনা সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ল্যাব এ্যাসিস্ট্যান্ট পদের বেতন গ্রেড ১৮ এর পরিবর্তে গ্রেড-১৬তে উন্নীতকরণ/প্রধান শিক্ষক পদে যোগদানসহ বকেয়া সমুদয় বেতন-ভাতা প্রদান/সহকারী শিক্ষক পদে পুনর্বহালসহ বকেয়া বেতন-ভাতা প্রদান/ভারপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানের দায়িত্ব প্রদান/সহকারী শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ/কম্পিউটার ল্যাব অপারেটর এবং অন্যান্য পদে নিয়োগের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র.নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
১	১১২৯৭/২০২৩	বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাব এ্যাসিস্ট্যান্ট পদের বেতন গ্রেড ১৮ এর পরিবর্তে গ্রেড-১৬তে উন্নীতকরণ।	জনাব পরিতোষ রায়, ল্যাব এ্যাসিস্ট্যান্ট, পিতা: অনীল রায়, গ্রাম: সৈয়দপুর, উপজেলা: কাহারোল, জেলা: দিনাজপুর এবং গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৪ (চার) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২	৬৩৩৪/২০২৩	জনাব মো. মশিউর রহমান, প্রধান শিক্ষক, খোর্দ বাউসা উচ্চ বিদ্যালয়, বাঘা, রাজশাহী-এর প্রধান শিক্ষক পদে যোগদানসহ বকেয়া সমুদয় বেতন-ভাতা প্রদান সংক্রান্ত।	জনাব মো. মশিউর রহমান, প্রধান শিক্ষক, খোর্দ বাউসা উচ্চ বিদ্যালয়, বাঘা, রাজশাহী।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৪ (চার) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৩	৮০৪৫/২০২৩	জনাব শিখা রাণী রায়, সহকারী প্রধান শিক্ষক, আকুবপুর ইয়াকুব আলী ডুইয়া পাবলিক উচ্চ বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লা-কে সহকারী শিক্ষক পদে পুনর্বহালসহ বকেয়া বেতন-ভাতা প্রদান সংক্রান্ত।	জনাব শিখা রাণী রায়, সহকারী প্রধান শিক্ষক, আকুবপুর ইয়াকুব আলী ডুইয়া পাবলিক উচ্চ বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লা।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৯ (নয়) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৪	১০৮৫৬/২০২৩	জনাব দীপ্তি চক্রবর্তী, সহকারী প্রধান শিক্ষক, নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা-কে ভারপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানের দায়িত্ব প্রদান সংক্রান্ত।	জনাব মো. শাহীনুর মিয়া, অধ্যক্ষ, নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগসহ মোট ০৪ (চার) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৫	৯৬২০/২০২৩	জনাব মো. আল হেলাল, সহকারী শিক্ষক (কৃষি শিক্ষা), লালুয়া মারিডা উচ্চ বিদ্যালয়, তাড়াশ, সিরাজগঞ্জ-এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।	জনাব মো. আল হেলাল, সহকারী শিক্ষক (কৃষি শিক্ষা), লালুয়া মারিডা উচ্চ বিদ্যালয়, তাড়াশ, সিরাজগঞ্জ।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগসহ মোট ০৯ (নয়) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৬	৮০৭৯/২০২৩	কুমিল্লা জেলার চান্দিনা উপজেলাধীন "দোল্লাই নোয়াবপুর আহসান উল্যাহ উচ্চ বিদ্যালয়"এর কম্পিউটার ল্যাব অপারেটর এবং অন্যান্য পদে নিয়োগ সংক্রান্ত।	জনাব মো. শাহ আলম হোসেন, পিতা: মৃত মোঃ আবু তাহের, গ্রাম: বরকরই, ডাক: দোল্লাই নবাবপুর, উপজেলা: চান্দিনা, জেলা: কুমিল্লা এবং গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগসহ মোট ০৮ (আট) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-১১২৯৭/২০২৩ ৬৩৩৪/২০২৩, ৮০৪৫/২০২৩, ১০৮৫৬/২০২৩, ৯৬২০/২০২৩ এবং ৮০৭৯/২০২৩) সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাসমূহ ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১-১১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৩৭৮/১(৩)

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০


০১ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ

সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ  
সচিবালয়, ঢাকা



১-১১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব